
# উইন্ডোজ ১০ হোমগ্রুপ নেটওয়ার্ক সেটআপ


কে এম আলী রেজা

উইন্ডোজ ১০-এ নেটওয়ার্কিংয়ে অন্যতম একটি প্রধান ফিচার হচ্ছে হোমগ্রুপ। এটি উইন্ডোজ ৭, ৮-এ বিদ্যমান ছিল। উইন্ডোজ ১০ নেটওয়ার্কে প্রতিটি উইন্ডোজ পিসি প্রায় সব রিসোর্সের শেয়ার নিতে চায় বা শেয়ার করতে চায়, হোক তা সে মিউজিক, ফটো, মুভি বা প্রিন্টার। একটি হোমগ্রুপ সেটআপ করা মাত্রই উইন্ডোজ স্বয়ংক্রিয়ভাবে ওই আইটেম শেয়ার করা শুরু করবে। হোমগ্রুপ কৌশলগতভাবে ওই ফোল্ডার বাদ রাখবে, যা আপনি সম্ভবত শেয়ার করতে চান না। এ ধরনের একটি ফোল্ডার হচ্ছে আপনার ডকুমেন্টস ফোল্ডার।



*হোমগ্রুপ তৈরির উইন্ডো*

হোমগ্রুপ আপনার নেটওয়ার্কের যেকোনো উইন্ডোজ ৭, ৮ ও ৮.১ কমপিউটারের সাথে কাজ করে। কিন্তু এটি উইন্ডোজ ভিস্তা বা এক্সপির সাথে কাজ করে না। যখন আপনার কমপিউটার রাউটারের সাথে সংযোগ স্থাপন করবে, তখন আপনাকে একটি হোমগ্রুপে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। এ লেখায় কীভাবে আপনার উইন্ডোজ পিসিতে একটি নতুন হোমগ্রুপ সেটআপ করা যায় ও কীভাবে একটি পিসি একটি ওয়ার্কগ্রুপে (যা ইতোমধ্যে সেটআপ করেছেন) যোগ দেবে, সে বিষয়ে বর্ণনা করা হয়েছে।



*হোমগ্রুপে যোগদানের জন্য Join Now বাটনে ক্লিক করা হচ্ছে*

০১. প্রথমে স্টার্ট বাটনে ডান ক্লিক করে পপআপ মেনু থেকে কন্ট্রোল প্যানেল নির্বাচন করুন।

০২. যখন কন্ট্রোল প্যানেল পর্দায় প্রদর্শিত হবে, তখন Network and Internet আইকনে ক্লিক করুন। নেটওয়ার্ক ও ইন্টারনেটের পৃষ্ঠা প্রদর্শিত হলে ডান প্যান থেকে হোমগ্রুপে ক্লিক করুন। হোমগ্রুপ সেটিং খুঁজে পাওয়া না গেলে উইন্ডোর অনুসন্ধান বক্সের উইন্ডোর ওপরের অংশে ডান কোনায় Homegroup টাইপ করুন। হোমগ্রুপের অনুসন্ধান ফলাফল প্রদর্শিত হলে হোমগ্রুপ উইন্ডো খোলার জন্য এতে ক্লিক করুন।

০৩. হোমগ্রুপ উইন্ডোতে Change Network Location লিঙ্কে ক্লিক করে প্যানের ডানদিকে প্রদর্শিত Yes বাটনে আবার ক্লিক করুন। আপনাকে যখন প্রথমে একটি ওয়্যারলেস নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপন করানো হবে, তখন উইন্ডোজ অনুমান করে নেয় এটি একটি পাবলিক নেটওয়ার্ক, সম্ভবত কোনো একটি কফি শপে আপনি অবস্থান করছেন। স্বাভাবিকভাবেই উইন্ডোজ ধরে নেয়, আপনি আপনার কমপিউটারের মাধ্যমে অন্য কাউকে অ্যাক্সেস দিতে চান না। তাই এটি আপনার পিসিকে 'undiscoverable' অবস্থায় রেখে দেবে। এর অর্থ, কেউ নেটওয়ার্কে আপনার কমপিউটার খুঁজে পাবে না এবং আপনিও অন্য কারও কমপিউটার খুঁজে পেতে সক্ষম হবেন না। Yes নির্বাচন করা হলে যা এখানে দেখানো হয়েছে, এটি উইন্ডোজকে জানাবে যে, আপনি একটি প্রাইভেট বা ব্যক্তিগত নেটওয়ার্কে রয়েছেন, যেখানে ফাইল ও প্রিন্টার শেয়ার করতে সক্ষম হবেন।

০৪.এ পর্যায়ে আপনার ওয়্যারলেস নেটওয়ার্ককে প্রাইভেট নেটওয়ার্ক হিসেবে পরিচিত করতে এবং তা অন্যদের মধ্যে শেয়ার করার অনুমতিদানের জন্য Yes বাটনে ক্লিক করুন। এখন একটি Homegroup তৈরি করুন বা Join Now বাটনে ক্লিক করুন। একটি নতুন Homegroup তৈরি করতে Create a Homegroup-এ ক্লিক করুন। ইতোমধ্যে যদি আপনার নেটওয়ার্কে একটি Homegroup সৃষ্টি করা হয়ে থাকে, তাহলে এ হোমগ্রুপে যোগদানের জন্য Join Now বাটনে ক্লিক করুন।

০৫. একটি বিদ্যমান Homegroup-এ যোগদানের জন্য Join Now বাটনে ক্লিক করুন। আর একটি নতুন Homegroup তৈরি করতে Create-এ ক্লিক করুন। Join Now বা Homegroup তৈরির বাটন যেটাতেই ক্লিক করুন না কেন, উইন্ডোজ জিজ্ঞেস করবে কোনো আইটেম আপনি শেয়ার করতে চান কি না। আপনার কমপিউটারে নেটওয়ার্ক গোপনীয়তা সেটিংস পরিবর্তন করতে বলা হলে পাবলিকের বদলে এখানে প্রাইভেট সিলেক্ট করতে হবে।

০৬. আপনি যে আইটেম শেয়ার করতে চান, তা পছন্দ করে Next বাটনে ক্লিক করুন। যদি আপনার নেটওয়ার্কের একটি বিদ্যমান Homegroup-এর সাথে যোগদান করতে চাইলে Homegroup-এর পাসওয়ার্ড টাইপ করুন। যে ফোল্ডারে আপনার Homegroup পরিবারের সাথে শেয়ার করতে চান, উইন্ডোজ তা নির্বাচন করার সুযোগ দেবে। একটি আইটেম শেয়ার করার জন্য তার সন্নিহিত ড্রপডাউন মেনু থেকে শেয়ার সিলেক্ট ▸

করুন। আইটেম প্রাইভেট রাখতে Not Shared অপশন সিলেক্ট করুন। বেশিরভাগ মানুষ তাদের পছন্দের গান, ছবি, ভিডিও ফোল্ডার, সেই সাথে তাদের প্রিন্টার ও মিডিয়া ডিভাইস শেয়ার করতে চায়। কারণ, ডকুমেন্টস ফোল্ডারে বেশি ব্যক্তিগত তথ্য ফাইল থাকে, যা সাধারণত আমরা শেয়ারের বাইরে রাখি।

০৭. একটি ফোল্ডার শেয়ার করা হলে অন্য ইউজারেরা ওই ফোল্ডারে এর ফাইল, ছবি বা ভিডিও দেখার সুযোগ পায়। ফোল্ডার অন্য ইউজারকে অ্যাক্সেস করতে দেয়, কিন্তু তারা কেউই ফোল্ডারের বিষয়বস্তু পরিবর্তন করতে পারে না কিংবা ওই ফাইল মুছে দিতে পারে না। এ ছাড়া অন্য ইউজারেরা আপনার ফোল্ডারে কোনো ফোল্ডার তৈরি বা তাতে কোনো ফাইল স্থাপন করতে পারে না।

যদি একটি বিদ্যমান Homegroup-এ যোগদান করেন, তাহলে Homegroup-এর বিদ্যমান পাসওয়ার্ড টাইপ করুন। পাসওয়ার্ড জানা না থাকলে উইন্ডোজ ৭, ৮ বা ৮.১ কমপিউটারে কোনো ফোল্ডার খুলে ফোল্ডারের বাম প্যানে Homegroup শব্দে ডান ক্লিক করে View the Homegroup Password সিলেক্ট করে পাসওয়ার্ড খুঁজে বের করুন। পাসওয়ার্ড কেস সংবেদনশীল, তাই নিশ্চিত করুন আপনি সঠিক অক্ষরটিই লিপিবদ্ধ করেছেন।

০৮. যদি Create a Homegroup বাটনে ক্লিক করেন, তাহলে ক্লোজিং স্ক্রিনে তালিকাভুক্ত পাসওয়ার্ড নোট করে রাখতে পারেন। এ ছাড়া হোমগ্রুপ শেয়ারের বেলায় নিচের বিষয়গুলো অনুসরণ করুন।

- নেটওয়ার্কভুক্ত প্রতিটি কমপিউটারকে Homegroup-এর মধ্যে অন্তর্ভুক্ত করতে হলে ওই একই পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। আপনার কমপিউটার চালু রাখুন এবং যে Homegroup তৈরি করেছেন, তাতে যোগদানের জন্য নেটওয়ার্কের অন্য কমপিউটারে এ ধাপগুলো অনুসরণ করুন।




একটি Homegroup-এর আওতায় বিভিন্ন আইটেম শেয়ার করার উইন্ডো




হোমগ্রুপ পাসওয়ার্ড সেটআপ




হোমগ্রুপ সেটিং পরিবর্তন

- আপনি ওপরের পদক্ষেপগুলো অনুসরণ করে Homegroup তৈরি করেছেন বা এতে যুক্ত হয়েছেন। এই শেয়ার করা হোমগ্রুপ নেটওয়ার্কের যেকোনো উইন্ডোজ ৮.১, ৮ বা ৭ চালিত কমপিউটার থেকে প্রবেশযোগ্য বা অ্যাক্সেসেবল। এ ছাড়া আপনার কমপিউটারকে এমনভাবে সেটআপ করেছেন, যাতে এর থেকে সঙ্গীত, ফটো ও ভিডিও ফোল্ডার অন্যদের সাথে শেয়ার করা যায়। মনে রাখতে হবে, Homegroup আইপ্যাড বা স্মার্টফোনের সাথে ফোল্ডার শেয়ার করার অনুমতি দেয় না। ওই ডিভাইসের মধ্যে ফাইল শেয়ার করার জন্য তাদের ওয়ানড্রাইভ অ্যাপ্লিকেশন ডাউনলোড করতে হবে।

- আপনি যখন একটি Homegroup তৈরি করেন বা এতে যোগদান করেন, তখন নিজের অ্যাকাউন্ট থেকে শুধু শেয়ার করার জন্য ফোল্ডার নির্বাচন করেন। পিসিতে অন্য অ্যাকাউন্ট হোল্ডারেরা তাদের ফোল্ডার শেয়ার করতে চাইলে, তারা তাদের অ্যাকাউন্ট দিয়ে নেটওয়ার্কে লগইন করবে। আইটেম শেয়ার করার জন্য নেভিগেশন প্যানে Homegroup-এ ডান ক্লিক করে পছন্দ করে নিন Change HomeGroup Settings। সেখানে যে আইটেম শেয়ার করতে চান, সেগুলোতে চেক চিহ্ন যোগ করতে পারেন এবং তারপর Save Changes-এ ক্লিক করে পরিবর্তনগুলো সংরক্ষণ করতে হবে।

- যোগদানের জন্য একটি Homegroup নির্বাচন করার পর আপনি যতক্ষণ না নেটওয়ার্ক কমপিউটারে ফাইল বা প্রিন্টার শেয়ার করতে সক্ষম হন, ততক্ষণ অর্থাৎ কয়েক মিনিট অপেক্ষা করার প্রয়োজন হতে পারে।

হোমগ্রুপ সেটিংয়ের পরও সব গুরুত্বপূর্ণ Homegroup পাসওয়ার্ড ভুলে যেতে পারেন। তবে সমস্যা নেই। এর সমাধানও রয়েছে। যেকোনো ফোল্ডার খুলে নেভিগেশন প্যান থেকে Homegroup-এ ডান ক্লিক করে Homegroup পাসওয়ার্ড লিপিবদ্ধ করুন। ব্যাস, আপনার পাসওয়ার্ড সংক্রান্ত সমস্যার সমাধান হয়ে গেল কজ

*ফিডব্যাক :*
***kazisham@yahoo.com***